

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত ও আনুষঙ্গিক প্রসঙ্গ - (ক) পবিত্রতা বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ওযুর ভিতরের দোয়া

বিভিন্ন পুস্তকে ওযুর প্রত্যেক অঙ্গ ধৌত করার সময় পাঠের জন্য বিশেষ দোয়ার কথা উল্লেখ করা হয়েছে। হাত ধোয়ার দোয়া, কুল্লি করার দোয়া, নাক পরিষ্কার করার দোয়া ... ইত্যাদি। এ দোয়ার ভিত্তি যে হাদীসটির উপরে সে হাদীসটি বানোয়াট। ইমাম দারাকুতনী, ইমাম নাবাবী, ইমাম সুয়ূতী, মোল্লা আলী কারী ও অন্যান্য মুহাদ্দিস সকলেই হাদীসটিকে বানোয়াট ও ভিত্তিহীন বলে উল্লেখ করেছেন।

ফুটনোট

[1] নাবাবী, আল-আযকার, পৃ. ৫৭; ইবনুল কাইয়িম, আল-মানারুল মুনীফ, পৃ. ১২০; ইবনু আর্রাক, তানযীহ ২/৭০-৭১; আলী কারী, আল-আসরারুল মারফুআ, পৃ. ৩৪৫; শাওকানী, আল-ফাওয়াইদ ১/৩০।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4918

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন